

DD (52009)
05.5.2021



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৮৮১১৬৬৬৫, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১

Fax: 9131581, E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd



স্মারক নং: ৩৬.০৫.০০০.০২.১৩.২৯০.১৬/৩১২(১৮)

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: সোলার মডিউল/প্যানেল এবং ইনভার্টার পণ্যের অনুকূলে সিএম লাইসেন্স/ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: শ্রেডার স্মারক নং- ২৭.০২.০০০০.০৩১.২২.০০৬.১৮.১৩, তারিখ: ২৮-০১-২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে জানানো যাচ্ছে যে, সৌর যন্ত্রাংশ হিসেবে ব্যবহৃত Solar Module/Panel এবং Inverter পণ্য দু'টি বিএসটিআই'র বাধ্যতামূলক মানসনদের আওতাভুক্তকরণের প্রস্তাব বিএসটিআই'র ৩৫তম কাউন্সিল কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত পণ্য দু'টির এস.আর.ও জারি এবং বিএসটিআইতে পূর্ণাঙ্গ পরীক্ষণ সুবিধা চালু হওয়ার পূর্ব পর্যন্ত সাময়িক ব্যবস্থা হিসেবে অন্য কোন সক্ষম ল্যাবরেটরি/এক্সট্রিডিটেড ল্যাবরেটরিতে পরীক্ষণপূর্বক টেস্ট রিপোর্টের ভিত্তিতে নিম্নের শর্তে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে:

- বিএসটিআই'র সংশ্লিষ্ট উইংয়ের অনুমোদিত কর্মকর্তাগণ দেশে উপযুক্ত ও সক্ষম প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের সম্মতিক্রমে তাঁদের ল্যাবরেটরি/এক্সট্রিডিটেড ল্যাবরেটরিতে পরীক্ষণ কাজ সম্পন্ন করতে হবে;
- বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ এর ১৭ ধারামতে আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে ছাড়পত্র/লাইসেন্স প্রদান উভয় কার্যক্রমই সিএম উইং, প্রধান কার্যালয় হতে সম্পাদন করা;
- আমদানিকৃত সৌর যন্ত্রাংশ (সোলার মডিউল/প্যানেল এবং ইনভার্টার)-এর অনুকূলে সিএম উইং হতে ছাড়পত্র প্রদান শেষে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা) কে অবহিত করা।

০২। প্রধান কার্যালয়সহ সকল বিভাগীয় ও জেলা কার্যালয়ের আওতাধীন এলাকায় উক্ত সৌর যন্ত্রাংশের অনুকূলে সিএম লাইসেন্স বা আমদানিকৃত সোলার মডিউল/প্যানেল এবং ইনভার্টার এর অনুকূলে ছাড়পত্র গ্রহণের জন্য কোন প্রতিষ্ঠান আবেদন করলে আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৩। এমতাবস্থায়, সোলার মডিউল/প্যানেল এবং ইনভার্টার এর অনুকূলে সিএম লাইসেন্স/ছাড়পত্র প্রক্রিয়াকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কাগজাদিসহ দাখিলকৃত আবেদনপত্র সিএম উইং, প্রধান কার্যালয়, বিএসটিআই, ঢাকা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(মেজর তাহের জামিল)
পরিচালক (প্রশাসন)

বিতরণ: (প্রয়োজনীয় কার্যার্থে)

- পরিচালক (পদার্থ/সিএম/মান), বিএসটিআই, ঢাকা।
- পরিচালক, বিএসটিআই বিভাগীয় অফিস (খুলনা/রাজশাহী)।
- উপপরিচালক ও বিভাগীয় অফিস প্রধান, বিএসটিআই বিভাগীয় অফিস (চট্টগ্রাম/ময়মনসিংহ/রংপুর/বরিশাল/সিলেট/কুমিল্লা)।
- সহকারী পরিচালক ও জেলা অফিস প্রধান, বিএসটিআই জেলা অফিস (ফরিদপুর/কক্সবাজার/বগুড়া)।
- প্রধান, ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বিএসটিআই, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতির জন্য

- জনাব সালিমা জাহান, সদস্য (যুগ্মসচিব)
নবায়নযোগ্য জ্বালানী, শ্রেডা
আইইবি ভবন, (১১ তলা) মাওলানা ভাসানী রোড, ঢাকা।
- পিএ টু মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- অফিস কপি।